আজকের কাগজ

তারিখ 17 MAY 1993
পৃষ্ঠা... ৬ ...কলাম... ৭...

৭

# লালমনিরহাটে ১৪৭ জন দাখিল পরীক্ষার্থীর প্রবেশ পত্রে ঘাপলা

লালমনিরহাট জেলায় অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষায় ১৫৬ জনের মধ্যে ১৪৭ জন পরীক্ষার্থীর প্রবেশ পত্রে বড় ধরনের ঘাপলা ধরা পড়েছে।

উল্লেখ্য, লালমনিরহাট নেসারিয়া সিনিয়র মাদ্রাসায় অনুষ্ঠিতব্য দাখিল পরীক্ষায় এবছর ১৫৬ জন অংশ নেয়। এদের মধ্যে মাত্র ৯ জনের প্রবেশ পত্রে বোর্ড কর্তৃপক্ষ ও পরীক্ষা নিয়ন্ত্রকের সীল ও স্বাক্ষর রয়েছে, এবং ছবিগুলো সত্যায়িত করা হয়েছে। বাকি ১৪৭ জনের প্রবেশ পত্র শুধুমাত্র ছাপানো সাদা ফর্মে এবং এতে কোনো সীলমোহর কিম্বা স্বাক্ষর নেই। এক মাস আগে এসব প্রবেশ পত্র কেন্দ্রে পৌঁছুলেও রহস্যজনক কারণে কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা নেননি। এসব পরীক্ষার্থী বৈধ না অবৈধ তা নিয়ে পরীক্ষার্থী ও অভিভাবক মহল বেশ চিন্তিত হয়ে পড়েছে এবং কার পরীক্ষা কে দিচ্ছে তা নিয়েও সংশয় সৃষ্টি হয়েছে। কারণ প্রবেশ পত্রে সংযুক্ত ছবি বোর্ড কর্তৃক সত্যায়িত না থাকায় এ সংশয় সৃষ্টি হয়েছে। এ ব্যাপারে মাদ্রাসা কর্তৃপক্ষ বোর্ডের ওপর দায়িত্ব চাপিয়ে প্রসংগটি এড়িয়ে যাওয়ার চেষ্টা করে। লালমনিরহাট থেকে একে এম মঈনুল হক।